গাংনীতে ৩ কেজি গাঁজা ও মোটরসাইকেল উদ্ধার

পুলিশের হাতে গ্রেপ্তার এড়াতে তিন কেজি গাঁজা ও একটি মোটরসাইকেল ফেলে পালিয়েছে দুই মাদক কারবারী।

মঙ্গলবার সকালে মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া এলাকায় এ ঘটনাটি ঘটে। পুলিশ মাদক কারবারী অজ্ঞাত দুজনকে আসামী করে একটি মামলা দায়ের করে। ওই মামলায় গাঁজা ও মোটরসাইকেলটি জব্দ দেখানো হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সীমান্ত এলাকা থেকে মোটরসাইকেল যোগে দুজন মাদক কারবারী আসছে মর্মে সংবাদের ভিত্তিতে গাংনী থানার এসআই আবুল কালাম আজাদ ও সঙ্গীয় ফোর্স ভাটপাড়া গ্রামের ইকোপার্ক সড়কে অবস্থান নেন। এ সময় মোটরসাইকেল আরোহী দুই ব্যক্তির গতিবিধি সন্দেহ হলে পুলিশ তাদের থামার সংকেত দেয়। পুলিশের সংকেত পেয়ে তারা একটি লাল রংয়ের অ্যাপাচি ফোর ভি মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়। যার রেজিস্ট্রেশন নং মেহেরপুর ল-১১-৭৬৬২।

ওসি আরো জানান, মোটর সাইকেলের মালিক ও মাদক কারবারীদেরকে সনাক্ত করে গ্রেফতারের চেষ্টা চলছে।